# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৬

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২২. সাওয়ারীর উপর খুতবা দান

بَاب الْخُطْبَةِ عَلَى الرَّاحِلَةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سَلَمَةُ يَعْنِي ابْنَ نُبَيْطٍ حَدَّثَنِي أَبِي أَوْ نُعَيْمُ بْنُ أَبِي هِنْدٍ عَنْ أَبِي قَالَ حَجَجْتُ مَعَ أَبِي وَعَمِّي فَقَالَ لِي أَبِي تَرَى ذَلِكَ صَاحِبَ الْجَمَلِ الْأَحْمَرِ الَّذِي يَخْطُبُ ذَلِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## বাংলা

১৬৪৬. ইবনু নুবাইত ইবনু আবী হিনদ থেকে তার পিতার সূত্রে অথবা, নুয়াইম ইবনু আবী হিন্দ থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আমার পিতা ও চাচার সাথে হাজ্জ করলাম। তখন আমার পিতা আমাকে বলেন, লাল উটের পিঠে আরোহনকারী এই ব্যক্তিকে দেখো! যিনি উটের পিঠে আরোহিত অবস্থায় খুতবাহ দিচ্ছেন, ইনিই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এ সনদের কতক অংশ সহীহ। সালামাহ ইবনু নুবাইত্ব সম্পর্কে বলা হয় যে, তিনি তার পিতা হতে কিছু শ্রবণ করেননি। তবে তিনি 'ছিকাহ' বা নির্ভরযোগ্য। এবং তিনি 'এটি হাদ্দাছানা' বলে বর্ণনা করেছেন। আর তিনি মুদাল্লিস হিসেবে অভিযুক্ত রাবী নন। সুতরাং "সালামাহ ইবনু নুবাইত্ব, তিনি আবী হিন্দ থেকে বর্ণনা করেন, তিনি নুবাইত্ব থেকে" এ দ্বিতীয় সনদটি মুত্তাসিলের মধ্যে অতিরিক্ত। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: আহমাদ ৪/৩০৫; ইবনু মাজাহ, ইকামাতিস সালাত ১২৮৬; নাসাঈ, মানাসিক ৫/২৫৩; বুখারী, তারীখুল কাবীর ৪/২/১৩৭; ইবনু কানি', মু'জামুল সাহাবাহ ১১৪৪; আবূ দাউদ, মানাসিক ১৯১৬ জাহালতপূর্ণ সনদে; আবূ দাউদের সনদে ইবনু কাছীর, আল বিদা'আ ৫/১৭১।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81928

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন